



বাংলাদেশ প্রেস কাউন্সিল

৪০, তোপখানা রোড, সেশনবাগিচা, ঢাকা-১০০০

www.presscouncil.gov.bd

১৬ ভাদ্র ১৪২৭

নং-১৫.৬৩.০০০০.০০২.১১.০০১.২০- ৬৬২

তারিখ:-----

৩১ আগস্ট ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রেস কাউন্সিলের অধীনে নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ছকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	০১ (এক) টি	৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	ক) স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশ খ) কম্পিউটার টাইপের গতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ

শর্তাবলি :-

ক) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৯-১২-২০১৪খ্রিঃ তারিখের পরিপত্র নং-০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১ এর মাধ্যমে প্রকাশিত নির্ধারিত ফরম অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সংবলিত এক পাতার আবেদন ফরম স্বহস্তে পূরণ ও স্বাক্ষর করে আগামী ২৭/০৯/২০২০খ্রি. তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ৪০, তোপখানা রোড, সেশনবাগিচা, ঢাকা-১০০০ এর বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। আবেদনের নমুনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mopa.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

খ) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সাম্প্রতিক রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, কম্পিউটার পারদর্শিতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্ব সনদপত্রের অনুলিপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।

গ) প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এস.এস.সি সনদ/জন্মসনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরিপ্রার্থীদের ক্ষেত্রে উপর্যুক্ত কাগজপত্রাদিসহ প্রার্থীর সাথে শহিদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র।

ঘ) ২৭/০৮/২০২০খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনীদে ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বৎসর। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

ঙ) সরকারি/আধাসরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তিপত্রসহ নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে। অনাপত্তিপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়। বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

চ) আবেদনপত্রের সাথে আবেদনকারীর নিজস্ব ঠিকানা (পোস্টাল ঠিকানা) খামের উপর লিপিবদ্ধ করে অব্যবহৃত ১০ (দশ) টাকার ডাকটিকেট যুক্ত ১০" x ৪.৫" মাপের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

ছ) পরীক্ষার ফি বাবদ যেকোনো তফশিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল এর অনুকূলে দাখিল করতে হবে।

জ) আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদের বরাবরে পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হবে এবং যোগ্য প্রার্থীগণকে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এর জন্য কোনোরূপ টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। পরীক্ষার স্থান, তারিখ ও সময় আবেদনকারীর প্রদত্ত যোগাযোগের ঠিকানায় যথাসময়ে জানানো হবে।

ঝ) ক্রটিপূর্ণ, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ঞ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করতে পারবেন। এছাড়াও সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

ট) কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সচিব

বাংলাদেশ প্রেস কাউন্সিল

ফোন : ৯৫৮২২৫৭

secretary@presscouncil.gov.bd